

বাংলা ট্রিবিউন

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে শুরু হচ্ছে আইসিবিএম

ব্র্যাক বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশিত: ২১:৪৩, এপ্রিল ২৩, ২০১৯ | সর্বশেষ আপডেট: ২৩:৪৭, এপ্রিল ২৩, ২০১৯



ব্র্যাক ইউনিভার্সিটির উদ্যোগে শুরু হতে যাচ্ছে 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অন বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট (আইসিবিএম)-২০১৯'। আগামী বৃহস্পতিবার (২৫ এপ্রিল ২০১৯) রাজধানীর হোটেল ওয়েস্টিনে শুরু হচ্ছে শিক্ষার্থী-গ্র্যাজুয়েট ও গবেষকদের এই মিলনমেলা। দ্বিতীয়বারের মতো তিন দিনব্যাপী এই আন্তর্জাতিক সম্মেলন আয়োজন করছে ব্র্যাক বিজনেস স্কুল।

মাননীয় শিক্ষামন্ত্রী ড. দিপু মনি প্রধান অতিথি হিসেবে এই সম্মেলন উদ্বোধন করবেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ব্র্যাক ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর প্রফেসর ভিনসেন্ট চ্যাং, পিএইচডি। ব্র্যাক বিজনেস স্কুলের ডিন প্রফেসর মোহাম্মদ মাহবুব রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে এসিআই গ্রুপের চেয়ারম্যান এম আনিস উদ দৌলা ও কনফারেন্সের প্রোগ্রাম চেয়ার মামুন হাবিব উপস্থিত থাকবেন।

রবিবার সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালিদ।

কনফারেন্সে ৪টি মূল প্রবন্ধ, ৯টি আমন্ত্রিত প্রবন্ধ, ৮টি শিল্প সংক্রান্ত প্রবন্ধ ও ২৮টি প্যারালাল সেশনে বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্টের বিভিন্ন বিষয়ের ওপর ১৭০টি প্রবন্ধ উপস্থাপিত হবে।

সম্মেলনের বিভিন্ন অধিবেশনে ২৫০ জন অংশগ্রহণ করবেন। যার মধ্যে রয়েছেন মালয়েশিয়া, যুক্তরাজ্য, সিঙ্গাপুর, থাইল্যান্ড, সুইডেন, কানাডা, নাইজেরিয়া, তাইওয়ান ও ভারতসহ ১১ দেশের ৪০ জন দেশি-বিদেশি শিক্ষক-গবেষক। সম্মেলনের শেষ দিনে 'ইন্ডাস্ট্রি টক'-এর আয়োজন করা হয়েছে, যেখানে দেশের বিভিন্ন প্রতিষ্ঠিত শিল্পপ্রতিষ্ঠানের শীর্ষ ব্যক্তির বক্তব্য রাখবেন।

আন্তর্জাতিক এই কনফারেন্সটির প্লাটিনাম স্পন্সর এসিআই লিমিটেড। গোল্ড স্পন্সর হিসেবে রয়েছে ব্র্যাক ব্যাংক, আবদুল মোনেম লিমিটেড, আইপিডিসি ফিন্যান্স লিমিটেড ও রানার মোটরস লিমিটেড এবং সিলভার স্পন্সর হচ্ছে মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক ও বিকাশ।